

২০২২-২৩ অর্থবছরের বিভাগীয় নৈতিকতা কমিটি ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মো: আনিসুর রহমান, উপপরিচালক
সভার তারিখ	:	১৬/০৮/২০২২ খ্রি.
সময়	:	১০.০০ ঘটিকা
স্থান/মাধ্যম	:	অনলাইন প্লাটফর্ম জুম

২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় নৈতিকতা কমিটির ১ম সভায় জুম অনলাইনে সংযুক্ত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। উপস্থিত কর্মকর্তাগণ জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য উন্মুক্ত আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	মূল্যায়নের নির্দেশনা বাস্তবায়ন	ক) অধীনস্থ কার্যালয়সমূহের ত্রৈমাসিক প্রতিবেদনের বিভিন্ন কার্যক্রমের মূল্যায়ণ। খ) প্রতিবেদনের ফিডব্যাক প্রদান। গ) সম্পন্নকৃত কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ। ঘ) লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চিত করা।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
২.	জমি নামজারীকরণ	ক) যে সকল জমির নামজারী ব্যক্তির নামে করা হয়েছে তা দ্রুততম সময়ের মধ্যে ‘মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর’ নামে পরিবর্তন করতে হবে। খ) পদবী/স্টেশনের নামে নামজারীকৃত জমি ‘মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর’ নামে পরিবর্তন করতে হবে। গ) অধিগ্রহণকৃত যে সকল জমিতে বাউন্ডারী ওয়াল/কাটা তারের বেড়া নেই সে সকল জমিতে বাউন্ডারী ওয়াল/কাটা তারের বেড়া নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঘ) অধিগ্রহণকৃত যে সকল জমিতে নির্মাণ কাজ শুরু হয়নি সে সকল জমিতে লাল রংয়ের সাইনবোর্ড টাঙাতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৩.	ওয়েবসাইট হালনাগাদ	প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাদি নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৪.	প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিতকরণ	অত্র বিভাগের আওতাধীন ফায়ার স্টেশন দ্রুত নির্মাণ সম্পন্নকরণের লক্ষ্যে গণপূর্ত দপ্তরের প্রতিনিধির সাথে সমন্বয়পূর্বক নিয়মিত পরিদর্শন করে নির্ধারিত সময়ের মধ্যে সিডিউল মোতাবেক গুণগত মান বজায় রেখে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৫.	ই-নথির ব্যবহার বৃদ্ধি	দাপ্তরিক কাজ ৮০ শতাংশ ই-নথিতে নিষ্পত্তি করার লক্ষ্যমাত্রা রয়েছে। তা বাস্তবায়ন করে প্রতি ত্রৈমাসিকে কতটি নোট নিষ্পত্তি হয়েছে তার প্রতিবেদন প্রেরণ করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৬.	বিভিন্ন সভা আয়োজন ও	ক) সকল দপ্তর নৈতিকতা কমিটির সভাসহ অন্যান্য সভা নিয়মিত আয়োজন (জ্বালানী সাশ্রয়ের নিমিত্ত অনলাইনে অগ্রাধিকার দিয়ে	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম)

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	সিদ্ধান্ত বাস্তবায়ন	সভার আয়োজন) করতে হবে এবং শুদ্ধাচার পরিকল্পনার গৃহীত বিভিন্ন সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	বিভাগ)
৭.	প্রশিক্ষণ	কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৮.	কর্ম পরিবেশ উন্নয়ন	অত্র দপ্তরসহ আওতাধীন কার্যালয়ে কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে টিওএন্ডই ভুক্ত অকেজো গাড়ী বা মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতার বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)
৯.	বিবিধ	ক) অত্র দপ্তরের আওতাধীন সকল গাড়ীর রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনকৃত গাড়ীর ফিটনেস নবায়ন হালনাগাদ রাখতে হবে। খ) জালানী সাশ্রয়ের নিমিত্ত সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। গ) বিদ্যুৎ সাশ্রয়ের জন্য সরকার/অধিদপ্তরের গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন করতে হবে। অফিস/কোয়ার্টারের মিটার আছে কি না এবং ভাল আছে কিনা তা স্টেশন পরিদর্শনের মাধ্যমে নিশ্চিত করতে হবে।	এডি/ডিএডি (সকল, চট্টগ্রাম বিভাগ)

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)


মো: আনিসুর রহমান  
উপপরিচালক

তারিখ : ২ ভাদ্র ১৪২৯  
১৭ আগস্ট ২০২২

স্মারক নং-৫৮.০৩.২০০০.০০১.০১.০৪৫-২০২২- ২৬২২/২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম/কুমিল্লা/নোয়াখালী/রাঙ্গামাটি/বান্দরবান।
৩. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম (জোন-১/২/৩)/কক্সবাজার/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/ চাঁদপুর /নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
৪. ফোরম্যান, বিভাগীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম।
৫. মবিলাইজিং অফিসার, বিভাগীয় নিয়ন্ত্রণ ক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম (তাকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
৬. অফিস নথি।

  
মোঃ আনিসুর রহমান  
উপপরিচালক